নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
মানব সম্পদ বিভাগ
বেগমগঞ্জ, নোয়াখালী
pbs.noakhali.gov.bd

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯.১৫৯৭

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতিতে **"কাজ নাই, মজুরী নাই"** ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে বিলিং সহকারী পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে ছকে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | মজুরী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" **(মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত)** | ০৬টি (নিয়োগ প্রদান কালীন পদ সংখ্যা কম/বেশী হতে পারে) | দৈনিক মজুরী ৮০০.০০ (আটশত টাকা মাত্র) | ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা আবশ্যক।<br>গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলা প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) টি শব্দ ও ইংরেজী প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। | নোয়াখালী জেলার স্থায়ীভাবে বসবাসকারী শুধুমাত্র মহিলা নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ-**

**০১।** উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর ওয়েবসাইট www.pbs.noakhali.gov.bd হতে বিলিং সহকারী (কাজ নাই, মজুরী নাই) এর জন্য নির্ধারিত আবেদন ফরম **(ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)** A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **২৫/১০/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী-এর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না। **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।**

**০২।** ২৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। বয়সের প্রমানক হিসেবে এসএসসি সনদ

বিবেচিত হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

**০৩।** আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।
(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র।
(ঙ) কম্পিউটার চালনায় দক্ষতার সত্যায়িত অনুলিপি।
(চ) জেনারেল ম্যানেজার, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালী এর অনুকুলে যে কোন তফসীলি ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোষ্টাল অর্ডার আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

**০৪।** আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

**০৫। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণ যোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন তত দিন "কাজ নাই, মজুরী নাই" ভিত্তিতে নিয়োগ বলবৎ থাকবে।**

**০৬।** নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

**০৭।** ইতঃপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

**০৮।** প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমানিত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই আবেদনকারীর প্রার্থীতা বাতিল করা হবে।

**০৯।** খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্ট ভাবে লিখতে হবে।

**১০।** প্রার্থীকে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল অফিস/সাব জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

**১১।** অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী (গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) একই সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না বা আবেদন করতে পারবেন না।

**১২।** লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাক যোগে প্রেরিত প্রবেশপত্র ও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নাম্বারে SMS এর মাধ্যমে জানানো হবে।

**১৩।** মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

**১৪।** অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**১৫।** নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৪-১০-২০২৩
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.৭৫০৭.৫৩১.০২.০০৮.১৯.১৫৯৭/১(১০৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪
৭) ডিজিএম-কবিরহাট/চাটখিল/সেনবাগ/সোনাইমুড়ী/কোম্পানীগঞ্জ/সোনাপুর/সুবর্ণচর/আমিনবাজার জোনাল অফিস, কারিগরী- সদর দপ্তর, নপবিস।
৮) এজিএম (ওএন্ডএম), নয়নপুর সাব জোনাল অফিস, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
৯) সকল বিভাগীয় প্রধান, নপবিস।
১০) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১১) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), আইটি বিভাগ, নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
১২) নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.noakhali.gov.bd), নোয়াখালী পবিস।
১৩) অফিস কপি, নপবিস ।

৪-১০-২০২৩
মোঃ জাকির হোসেন
জেনারেল ম্যানেজার